"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিবহন পুল ভবন (৯ম তলা)
সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
ওয়েব সাইট: orgbdr.gov.bd

স্মারক নং-৪৬.০৪.০০০০.১০৩.৩১.০৭২.২২- ৬৪৭ তারিখঃ ১০ সেপ্টেম্বর ২০২৩ খ্রি.।

**বিষয়ঃ ইউজার আইডি ও পাসওয়ার্ড এর স্বকীয়তা/গোপনীয়তা রক্ষা করা।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি তাঁর সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। দেশের ভেতরে এবং বাহিরে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ে BDRIS Software এ কার্যক্রম পরিচালনা করার জন্য নিবন্ধক ও নিবন্ধন সহকারিকে গোপনীয় ইউজার আইডি ও পাসওয়ার্ড (ইউএনও এবং ডিডিএলজি ও এ কার্যালয়ের মাধ্যমে) দেয়া হয়। কিন্তু খোজ নিয়ে জানা যায় যে অধিকাংশ ক্ষেত্রেই এ গোপনীয় ইউজার আইডি ও পাসওয়ার্ড উদ্যোক্তা বা অন্য কারো নিকট হস্তান্তর করা হয়। এসব ক্ষেত্রে ইউজার আইডি ও পাসওয়ার্ড হস্তান্তরিত/প্রাপ্ত ব্যক্তিরা (নিবন্ধক বা নিবন্ধন সহকারির) জ্ঞাত বা অজ্ঞাতে নিয়ম বর্হিভূতভাবে একসঙ্গে অনেকগুলো অসম্পূর্ণ, অবিশ্বাস্য জন্ম নিবন্ধন করে এবং বলা হয় যে, সিস্টেম হ্যাক করে কে বা কাহারা নিবন্ধন করেছে। BDRIS সফটওয়্যার পর্যালোচনা করলে দেখা যায় যে, নিবন্ধক ও নিবন্ধক সহকারি কর্তৃপক্ষ কর্তৃক প্রাপ্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে এ কাজ করা হয়েছে। BDRIS Software এ সব কর্মসম্পাদনকারিদের (নিবন্ধক ও নিবন্ধন সহকারি) সনাক্ত করা হলে এবং তাদেরকে জিজ্ঞেস করা হলে তারা দায়িত্ব অস্বীকার করেন। ইহা অনভিপ্রেও। নিয়ম বর্হিভূতভাবে কাজ করলে সিস্টেমের উপর চাপ পরে। পত্র পত্রিকায় খবর প্রকাশিত হয়। এ অফিসের ভাবমূর্তি ক্ষুন্ন হয়। উল্লেখ্য, ইউজার আইডি ও পাসওয়ার্ড হস্তান্তরযোগ্য নয়।

০২। ইহা বন্ধ করা দরকার, ইউজার আইডি ও পাসওয়ার্ড হস্তান্তরকারি নিবন্ধক ও নিবন্ধন সহকারিদের জবাবদিহিতা, আইনের আওতায় আনা দরকার। ইউজার আইডি ও পাসওয়ার্ড হস্তান্তরের এ রকম ঘটনা না ঘটানোর জন্য তার নিয়ন্ত্রণাধীন নিবন্ধক এবং নিবন্ধন সহকারিদের সদয় নির্দেশনা দেয়ার জন্য তাঁকে অনুরোধ করা হলো। ভবিষ্যতে এ ধরণের ঘটনার ক্ষেত্রে জন্ম ও মৃত্যু নিবন্ধনের আইন, ২০০৪ (সংশোধিত ২০১৩) এর আলোকে ব্যবস্থা গ্রহণ প্রযোজ্য হওয়ার বিষয়টিও সকল নিবন্ধক এবং নিবন্ধন সহকারিকে জানিয়ে দেওয়ার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

১০/০৯/২০২৩
মোঃ রাশেদুল হাসান
রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব)
জন্ম ও মৃত্যু নিবন্ধন
ফোনঃ ০২২২৩৩৮৬৬০৬
ই-মেইল- rg@orgbdr.gov.bd

**বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন, .......................... (সকল)।
০২। মহাপরিচালক, কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, ...............................................(সকল)।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল) ------------------------------------ জেলা।
(নিবন্ধন কার্যালয়সমূহকে এই পত্রের একটি অনুলিপি প্রদানের জন্য অনুরোধ করা হলো।)
০৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)------------------------------------------উপজেলা।
(নিবন্ধন কার্যালয়সমূহকে এই পত্রের একটি অনুলিপি প্রদানের জন্য অনুরোধ করা হলো।)

**অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১। বিভাগীয় কমিশনার (সকল), ..........................।
০২। ডেপুটি রেজিস্ট্রার জেনারেল (যুগ্মসচিব), জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ।
০৩। উপসচিব, ইউনিয়ন পরিষদ-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ।
০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয়র সরকার বিভাগ, বাংদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

F:\Sweet\Inhouse Software Development & Dash Board\আন অথরাইজড ইউজার আইডি তৈরি তিতাশ, কুমিল্লা.docx